

Estate Office
University of Dhaka
Dhaka -1000, Bangladesh.
Phone:9661900-73/4199, 4195
Fax: +88-02-55167810
Email: estateoffice.du@gmail.com



এস্টেট অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন: ৯৬৬১৯০০-৭৩/এক্স-৪১৯৯, ৪১৯৫
ফ্যাক্সঃ ৮৮-০২-৫৫১৬৭৮১০
Email: estateoffice.du@gmail.com

নং এস্টেট: ৫৭৫৫


তারিখ: ১৬ চৈত্র ১৪৩২
৩০ মার্চ ২০২৬

পথপ্রাণী সুরক্ষা ও নিরাপত্তার বিষয়ে বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এলাকায় কুকুর, বিড়ালসহ অন্যান্য প্রাণীদের আবাসস্থল আছে। প্রকৃতির অবিচ্ছেদ্য অংশ হিসেবে পরিবেশের ভারসাম্য ও জীব বৈচিত্র্য টিকিয়ে রাখার স্বার্থে পথপ্রাণী রক্ষা করা আমাদের নৈতিক দায়িত্ব। পথপ্রাণী প্রকৃতির সম্পদ বিধায় তাদের নিরাপদ আবাসস্থল গড়ে তোলার স্বার্থে সকল শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করছি।

১. ক্যাম্পাস এলাকা কুকুর, বিড়ালসহ অন্যান্য প্রাণীদের জন্য নিরাপদ আবাসস্থল হিসেবে গড়ে তুলতে হবে। উল্লেখ্য যে, ক্যাম্পাসের সকল কুকুরকে এনিমেল ওয়েলফেয়ার টিম অফ ঢাকা ইউনিভার্সিটি প্রতিবছর জলাতঙ্ক প্রতিরোধী ভ্যাকসিনেশন ও বন্ধ্যাত্বকরণ করে।
২. প্রাণী কল্যাণ আইন ২০১৯ অনুযায়ী “মালিকবিহীন কোনো প্রাণী তার স্থান হতে নিধন বা অপসারণ করা আইনত দণ্ডনীয়”। ক্যাম্পাসের সকল কুকুর-বিড়াল এবং অন্যান্য প্রাণী এই ধারার অন্তর্ভুক্ত।
৩. ভবিষ্যতে প্রাণীদের সামাজিক নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিতকরণে কোনো প্রয়োজনে এনিমেল ওয়েলফেয়ার টিম অফ ঢাকা ইউনিভার্সিটি কে অবহিত করা।
৪. ক্যাম্পাস এলাকায় গাড়ির গতি নিয়ন্ত্রণ ও গাড়ি চালু করার পূর্বে তিনবার হর্ণ দিতে হবে এবং গাড়ির নিচে ও চারপাশে দৃষ্টি দিতে হবে।
৫. ক্যাম্পাস এলাকায় কুকুর, বিড়ালসহ অন্যান্য প্রাণীদের প্রতি সদয় ও মানবিক আচরণ করা।
৬. কোনো প্রাণী অসুস্থ হলে অথবা অস্বাভাবিক আচরণ করলে কিংবা কামড়ানোর প্রবনতা থাকলে এনিমেল ওয়েলফেয়ার টিম অফ ঢাকা ইউনিভার্সিটি-কে অবহিত করা। যোগাযোগের নাম্বার- মো: রাফিউল হক তানভীর-০১৬৪২৫২৮১০১, তিজুরী-০১৫২১২২৯৫৯৩, সাবরিনা সাব্বির-০১৫৮০৩৩৫৯৬৮।

উপরের বিষয়গুলোর প্রতি সচেতন থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সবিনয় অনুরোধ করছি।


ফাতেমা বিনতে মুস্তফা
এস্টেট ম্যানেজার
ঢাকা বিশ্ববিদ্যালয়

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

সহকারী প্রিন্সিপাল, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়